দৈনিক ই কিলাব

২৪

APR 0 8 2000

তারিখ ...

পৃষ্ঠা: ১০ কলাম ৬

# এইচএসসি পরীক্ষার সময়সূচীর পরিবর্তন চাই

আগামী ২৭ এপ্রিল হতে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, কুমিল্লা ও যশোর বোর্ডের অধীনে ২০০০ সালের এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে। ইতিমধ্যে পরীক্ষার সময়সূচীও ঘোষণা করা হয়েছে। এজন্য ছাত্র-ছাত্রীদের মনে কৌতূহলের সৃষ্টি হচ্ছে। কারণ এ বছর তারা নতুন সিলেবাস অনুযায়ী পরীক্ষা দিতে যাচ্ছে। নতুন সিলেবাসের বইগুলো বের হতে একটু দেরীও হয়েছে। তাছাড়া আবার পরীক্ষা বিগত বছরের চেয়ে এক মাস আগেই শুরু হচ্ছে। এবং পরীক্ষার সময়সূচীতে দেখা যাচ্ছে যে, অনেক বিষয় পরীক্ষার মধ্যে কোন বন্ধ নেই। এ কারণেই ছাত্র-ছাত্রীদের মনে আতংক সৃষ্টি হচ্ছে। তারা ভাবছেন, একটি বিষয়ের পরীক্ষা দেয়ার ঠিক পরের দিন কি করে সম্ভব অরেকটি বিষয়ের পরীক্ষা দেয়া। এর মাঝে কতটুকু সময়ইবা পাওয়া যায়। তাছাড়া যে সময়টুকু পাওয়া যায় তাতেইবা কি করে সম্ভব আরেকটি বিষয়ের জন্য ভালভাবে তৈরী হওয়া। আর সেজন্যই তারা সিদ্ধান্ত নেয় নকল করার, ধ্বংস করে দেয় পরীক্ষা কেন্দ্রের গোটা পরিবেশকে, ধ্বংস করে দেয় নিজের জীবনকে। এমতাবস্থায় পরীক্ষার্থীদের সুবিধার্থে এবং ছাত্র-ছাত্রীদের নকলের প্রবণতা কমানোর কথা বিবেচনা করে আগামী ২৭ এপ্রিল অনুষ্ঠিতব্য পরীক্ষার দিনটিকে পরিবর্তন করে কমপক্ষে এক মাস পিছিয়ে দেয়ার অনুরোধ জানাচ্ছি। আর যদি তা না করা হয় তাহলে যেন প্রতি বিষয় পরীক্ষার মাঝে কমপক্ষে ১ দিন করে বন্ধ রেখে নতুনভাবে সময়সূচী তৈরী করার জন্য আন্তঃবোর্ড এবং সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছি।

—মোঃ মাজহারুল ইসলাম,
এইচএসসি পরীক্ষার্থী-২০০০,
এআরটি কলেজ,
দশমিনা, পটুয়াখালী।